নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৮৪/২০২৫/ ১৯ অক্টোবর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন কাঠামো (জাতীয় বেতন কাঠামো ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | গ্রন্থাগারিক (গ্রেড-০৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সায়েন্সে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে প্রথম বিভাগ/জিপিএ-৩.০০ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড এবং পিএইচডি (Library Science) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ডেপুটি লাইব্রেরীয়ান/সমপর্যায়ের পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০২ | চীফ মেডিকেল অফিসার (গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস/সমমান ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি হাসপাতাল/মেডিকেল কলেজ বা প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে ১৫ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ডেপুটি চীফ মেডিকেল অফিসার/সমমানের পদে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০৩ | ডেপুটি চীফ মেডিকেল অফিসার (গ্রেড-৫, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস/সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি হাসপাতাল/বেসরকারি মেডিকেল কলেজ বা প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সিনিয়র মেডিকেল অফিসার/সমমানের পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | | বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৪৭ বছর।<br>**বি.দ্র.: ডেপুটি চীফ মেডিকেল অফিসার পদে প্রার্থী পাওয়া না গেলে তার বিপরীতে মেডিকেল অফিসার পদে নিয়োগ দেয়া হবে।**<br>**মেডিকেল অফিসার পদের যোগ্যতা ও অভিজ্ঞতা (গ্রেড-৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫):**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৪ | সিনিয়র মেডিকেল অফিসার (গ্রেড-৬, জাতীয় বেতন কাঠামো ২০১৫) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **সিনিয়র মেডিকেল অফিসার:**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট/ডিপ্লোমা/ এফসিপিএস/সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ক. পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকলে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর মেডিকেল অফিসার হিসেবে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বেসরকারি হাসপাতাল/বেসরকারি মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয়/সমমানের পদে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ. এমবিবিএস ডিগ্রি। ইন্টার্নশিপ শেষ করার পর মেডিকেল অফিসার হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৩৭ বছর।<br>**বি.দ্র.: সিনিয়র মেডিকেল অফিসার পদে প্রার্থী পাওয়া না গেলে তার বিপরীতে মেডিকেল অফিসার পদে নিয়োগ দেয়া হবে।**<br><br>**মেডিকেল অফিসার পদের যোগ্যতা ও অভিজ্ঞতা (গ্রেড-৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫):**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বয়স:** অনূর্ধ্ব ৩২ বছর। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা পদে আগামী ১০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর কর্মকর্তা ৩য় গ্রেড পদের আবেদনকারীদের ০৯ সেট, ৫ম হতে ৬ষ্ঠ গ্রেড পদে আবেদনকারীদের ০৮ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) একটি নিজস্ব সিভি সংযুক্ত করতে হবে । উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড- ৩য় হতে ৬ষ্ঠ গ্রেড পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকার পে-অর্ডার/অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবির চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন প্রার্থীর বয়স গণনার সর্বশেষ সীমা হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখ বিবেচিত হবে।

৮. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

৯. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে বিদেশে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বাধ্যবাধকতা নেই।

১০. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১১. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১২. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।

১৪. আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৭. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৮. অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়স এর যেকোন একটি শর্ত শিথিলযোগ্য।

**মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
ফোন: ০২৩৩৪৪৯৬৫২২